# Important Current Affairs – MCQ

## Answers with Explanation

1. (a) সম্প্রতি সংযুক্ত আরব আমিরশাহি দেশ ব্রিকস সদস্যভুক্ত গোষ্ঠীর সহায়তায় ‘সেন্টার ফর ইন্ডাস্ট্রিয়াল কম্পিটেন্সেস’ চালু করতে চলেছে। প্রসঙ্গত উল্লেখ্য, ব্রিকস সদস্যভুক্ত দেশগুলি হল-ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকা। অ্যাচিভার্স

2. (d) সম্প্রতি Udaan নামক কোম্পানি সারা দেশজুড়ে ফেয়ার প্রাইস শপগুলিকে ‘জন পোষন কেন্দ্র’-এ রূপান্তরিত করতে কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা ও গণবণ্টন মন্ত্রক এবং সিডবি’-র সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

3. (a) ১৯ আগস্ট সারা বিশ্বজুড়ে ‘ওয়ার্ল্ড সংস্কৃত ডে’ পালিত হল। এই দিবসটি ১৯৬৯ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

4. (b) সম্প্রতি ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশনের সেক্রেটারি জেনারেল হিসেবে নিযুক্ত হলেন সঞ্জীব রঞ্জন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সলমান আল ফারিসি’র স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

5. (d) সম্প্রতি ‘ন্যাশনাল জিওসায়েন্স অ্যাওয়ার্ড-২০২৩’-এর লাইফটাইম অ্যাচিভমেন্ট বিভাগে পুরস্কৃত হয়েছেন ধীরাজ মোহন ব্যানার্জি। এবারে মোট ১২টি বিভাগে ২১ জন ভূ-বিজ্ঞানীকে পুরস্কৃত করা হয়েছে।

6. (a) সম্প্রতি IndusInd Bank ‘অ্যাসেট ম্যানেজমেন্ট বিজনেস অফ মিউচুয়াল ফান্ডস’ গড়ে তুলতে আরবিআই-এর অনুমোদন লাভ করেছে। অ্যাচিভার্স

7. (c) সম্প্রতি Ather নামক কোম্পানি ভারতের পঞ্চম স্টার্টআপ সংস্থা হিসেবে ইউনিকর্ন স্ট্যাটাস লাভ করেছে।

8. (a) সম্প্রতি এলআইসি হাউজিং ফিন্যান্স লিমিটেড নামক আর্থিক সংস্থা ভারতীয় সমরকর্মীদের জন্য ‘গৃহরক্ষক’ নামক গৃহঋণ পরিষেবা চালু করেছে। এই স্কিমের আওতায় যেকোনো কর্মী ৮.৪ শতাংশ হারে ২কোটি টাকা পর্যন্ত ঋণ পেতে পারেন।

9. (d) সম্প্রতি এইউ স্মল ফিন্যান্স ব্যাঙ্ক, আদিত্য বিড়লা ফিন্যান্স লিমিটেডের যৌথ সহযোগিতায় ভিসা এবং রুপে প্ল্যাটফর্ম নির্ভর কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করেছে।

10. (c) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন ইনকাম ট্যাক্স ডে উপলক্ষ্যে এক পোস্টাল স্ট্যাম্প চালু করেছে। এই উপলক্ষ্যে ২৪ জুলাই সারা দেশজুড়ে ‘ইনকাম ট্যাক্স ডে’ পালিত হয়।

11. (a) সম্প্রতি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, ‘মহারাষ্ট্র টার্সিয়ারি কেয়ার অ্যান্ড মেডিক্যাল এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রামে’র জন্য ৫০০ মিলিয়ন মার্কিন ডলার লোন প্রদানের জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে।

12. (d) সম্প্রতি টাটা এআইএ লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেড নামক বিমা কোম্পানি ‘সম্পূর্ণা রক্ষা প্রমিস’ নামক বিমা পলিসি চালু করেছে। অ্যাচিভার্স

13. (c) সম্প্রতি Khadi and Village Industries Commission নামক প্রতিষ্ঠান PMEGP-এর আওতায় নতুন ইউনিট গড়ে তুলতে ভারতীয় ডাক বিভাগের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

14. (b) সম্প্রতি বেসরকারি বন্ধন ব্যাঙ্ক মহিলাদের ক্ষমতায়নে ‘অবনি’ নামক সেভিংস অ্যাকাউন্ট চালু করেছে। এই কার্ডের আওতায় গ্রাহক ১০ লক্ষ টাকা পর্যন্ত জীবন বিমার সুবিধা পাবেন।

15. (b) সম্প্রতি কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক বিল্ডিং ও অন্যান্য নির্মাণ কর্মীদের জন্য ‘ম্যানেজমেন্ট ইনফর্মেশন সিস্টেম’ পোর্টাল চালু করেছে।

16. (a) সম্প্রতি রাজেশ নাম্বিয়ার ন্যাসকমের প্রেসিডেন্ট হিসেবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধকারী দেবযানী ঘোষের স্থলাভিষিক্ত হলেন।

17. (d) সম্প্রতি বেসরকারি অ্যাক্সিস ব্যাঙ্ক Visa and Mintoak -এর যৌথ অংশীদারিত্বে ‘Neo for merchants’ নামক মোবাইল অ্যাপ চালু করেছে। অ্যাচিভার্স

18. (c) সম্প্রতি এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হয়েছেন এম সুরেশ। তিনি সঞ্জীব কুমারের স্থলাভিষিক্ত হলেন।

19. (c) সম্প্রতি গ্লোবাল ফিন্যান্স ম্যাগাজিন কর্তৃক প্রদত্ত সেন্ট্রাল ব্যাঙ্কার রিপোর্ট কার্ডস-২০২৪ এ পুরস্কৃত হয়েছেন আরবিআই’য়ের গর্ভনর শক্তিকান্ত দাস।

20. (d) ২৩ আগস্ট সারা দেশজুড়ে ‘ন্যাশনাল স্পেস ডে’ পালিত হল।

21. (d) সম্প্রতি কেন্দ্রীয় কয়লা ও খনি মন্ত্রক সারা দেশের বিভিন্ন খনির নিরাপত্তা সংক্রান্ত বিষয়ের তথ্য জানাতে যে ওয়েব পোর্টাল চালু করেছে সেটি হল-Indian Coal Mines Safety Report Portal। অ্যাচিভার্স

22. (b) সম্প্রতি National Remote Sensing Centre নামক প্রতিষ্ঠান ভারতীয় ডাক ক্ষেত্রে Geo-Coded Addressing System চালু করতে ভারতীয় ডাক বিভাগের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

23. (a) সম্প্রতি বেসরকারি আইসিআইসিআই ব্যাঙ্ক সোলার প্যানেলস/ইউনিট ক্রয় করার জন্য ঋণ প্রদান করতে টাটা পাওয়ার সোলার সিস্টেমস লিমিটেডের সঙ্গে মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

24. (d) ২৫-২৯ আগস্ট ‘ওয়ার্ল্ড ওয়াটার উইক’ পালিত হল যার এবছরের থিম হল-Bridging Borders: Water for a Peaceful and Sustainable Future।

25. (a) সম্প্রতি ভারত যে Re-Useable Hybrid Rocket -এর সফল উৎক্ষেপণ করেছে তার নাম হল-RHUMI-1.

26. (c) সম্প্রতি ২০২৪ সালের ‘ডাচ গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতা’য় চ্যাম্পিয়ন হলেন ব্রিটেনের লান্দো নরিস।

27. (c) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৯ সালের ১৫ আগস্ট ‘জলজীবন মিশন’ চালু করেছিলেন।

28. (d) সম্প্রতি রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান এবং চিফ এগজিকিউটিভ অফিসার হিসেবে নিযুক্ত হলেন সতীশ কুমার। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জয়া ভার্মা সিনহার স্থলাভিষিক্ত হলেন।

29. (a) সম্প্রতি PayU নামক অনলাইন পেমেন্ট গেটওয়ে ভারতীয় দোকানদারদের জন্য তৎক্ষণাৎ ডিজিটালি অর্থ প্রদানের জন্য Amazon Pay Later-এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

30. (d) সম্প্রতি AlphaMERS Ltd. নামক প্রতিষ্ঠান উপকূলীয় অঞ্চলে সামুদ্রিক দূষণের বিষয়ে তথ্য সংগ্রহের উদ্দেশ্যে স্পেস অ্যাপ্লিকেশন সেন্টার গড়ে তুলতে ইসরোর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

31. (a) সম্প্রতি আইসিসি’-র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন জয় শাহ। যিনি চলতি বছরের নভেম্বর মাসে পূর্ববর্তী পদাধিকারী গ্রেগ বার্কলে’র (নিউজিল্যান্ড) স্থলাভিষিক্ত হলেন।

32. (d) প্রশ্নে উল্লেখিত হেমিস লাদাখের নবগঠিত জেলা নয়। লাদাখ প্রশাসন সম্প্রতি যে নতুন পাঁচটি জেলা গঠন করেছে সেগুলি হল– জাস্কর, দ্রাস, নুবরা, শাম এবং চ্যাংথাম।

33. (c) সম্প্রতি প্রয়াত লেবাননের প্রাক্তন প্রধানমন্ত্রীর নাম হল সেলিম আহমেদ আল-হুস। তিনি ১৯৭৬-১৯৯০ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন।

34. (d) সম্প্রতি আইসিসি এমার্জিং এশিয়া ব্যাঙ্কিং কনক্লেভ অ্যান্ড অ্যাওয়ার্ডস-এর বেস্ট স্মল ফিন্যান্স ব্যাঙ্ক হিসেবে পুরস্কৃত হয়েছে জনা স্মল ফিন্যান্স ব্যাঙ্ক।

35. (a) সম্প্রতি প্রকাশিত ‘The Scientist Enterpreneur : Empowering Millions of Women’ নামক গ্রন্থটির রচয়িতা হলেন কল্পনা শঙ্কর।

36. (d) সম্প্রতি ন্যাসকমের চেয়ারপার্সন হিসেবে নিযুক্ত হয়েছেন সিন্ধু গঙ্গাধরন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাজেশ নাম্বিয়ারের স্থলাভিষিক্ত হলেন।

37. (a) সম্প্রতি ইন্ডিয়া ফার্স্ট লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেড নামক বিমা কোম্পানি গুজরাটের GIFT City -তে জীবন বিমা পরিষেবা শুরু করেছে।

38. (a) হুরুন ইন্ডিয়া কর্তৃক প্রকাশিত ভারতের ধনী ব্যক্তিদের তালিকায় প্রথম স্থানে রয়েছেন গৌতম আদানি। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন মুকেশ আম্বানি।

39. (d) সম্প্রতি আইওসিএল-এর চেয়ারপার্সন হিসেবে নিযুক্ত হলেন সতীশ কুমার ভাদুগুরি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী শ্রীকান্ত মাধব বৈদ্যর স্থলাভিষিক্ত হলেন।

40. (d) ৩০ আগস্ট ‘ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রি ডে’ পালিত হল।

41. (c) সম্প্রতি শ্রীরাম ক্যাপিটাল প্রাইভেট লিমিটেডের এমডি এবং সিইও হিসেবে নিযুক্ত হলেন শুভশ্রী শ্রীরাম।

42. (c) সম্প্রতি ন্যাশনাল সিকিউরিটি গার্ডের ডিরেক্টর জেনারেল হিসেবে নিযুক্ত হলেন বি শ্রীনিবাসন। তিনি এই পদে অনীশ দয়াল সিংয়ের স্থলাভিষিক্ত হলেন।

43. (d) ২৯ আগস্ট ‘ইন্টারন্যাশনাল ডে এগেইনস্ট নিউক্লিয়ার টেস্ট’ পালিত হল।

44. (d) মাইক্রোসফট ৪৩৭.৬ মেগাওয়াট ক্লিন পাওয়ার সেল এগ্রিমেন্টের জন্য রিনিউ পাওয়ার প্রাইভেট লিমিটেডের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

45. (c) সম্প্রতি NPCI নামক প্রতিষ্ঠান ইউপিআই নির্ভর ভারত বিলপে সিস্টেম (BBPS) ডিজিটাল পেমেন্ট সিস্টেম চালু করেছে।

46. (d) সম্প্রতি Central Electronics Ltd. সেন্ট্রাল পাবলিক সেক্টর এন্টারপ্রাইজ নবরত্ন সংস্থার তকমা পেয়েছে। এর সদর কার্যালয় নতুন দিল্লিতে অবস্থিত।

47. (d) সম্প্রতি সিআইএসএফ-এর ডিরেক্টর জেনারেল হিসেবে নিযুক্ত হলেন রাজবিন্দর সিং ভাটি। তিনি এই পদে অনীশ দয়াল সিংয়ের স্থলাভিষিক্ত হলেন।

48. (c) সম্প্রতি সৌদি আরব অডিটিং-এর ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধির জন্য ক্যাগ (CAG)-এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে। ভারতের বর্তমান ক্যাগ হিসেবে নিযুক্ত রয়েছেন গিরিশ চন্দ্র মুর্মু।

49. (a) সম্প্রতি ভিস্তারা এয়ারলাইন্স এবং এয়ার ইন্ডিয়া লিমিটেডের সংযুক্তিকরণে এফডিআই বিনিয়োগে অনুমোদন লাভ করেছে সিঙ্গাপুর এয়ারলাইন্স।

50. (b) সম্প্রতি সেন্ট্রাল ডিপোজিটারি সার্ভিসেস ইন্ডিয়া লিমিটেডের এমডি এবং সিইও হিসেবে নিযুক্ত হলেন নেহাল ভোরা।

51. (a) সম্প্রতি অনুষ্ঠিত ইটালিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন চার্লস লেকরেক।

52. (a) সম্প্রতি ২০২৪ সালের ম্যাগসাইসাই পুরস্কারে ভূষিত হলেন জাপানের মিয়াজাকি হায়াও।

53. (b) সম্প্রতি ‘অলিম্পিক অর্ডার ইন গোল্ড’ সম্মানে ভূষিত হয়েছেন ইমানুয়েল ম্যাঁকরন। তিনি বর্তমানে ফ্রান্সের রাষ্ট্রপতি হিসেবে নিযুক্ত আছেন।

54\. (b) সম্প্রতি তেজিন্দর সিং ভারতীয় বিমানবাহিনীর ডেপুটি প্রধান হিসেবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এয়ার মার্শাল আশুতোষ দীক্ষিতের স্থলাভিষিক্ত হলেন।

55\. (c) সম্প্রতি ভারতীয় সেনাবাহিনী, পেনশন প্রাপক প্রতিরক্ষা কর্মীদের ও তাদের পরিবারের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করতে 'NAMAN' প্রোজেক্ট চালু করেছে।

56\. (b) ২ সেপ্টেম্বর 'ওয়ার্ল্ড কোকোনাট ডে' পালিত হল। যার এ বছরের থিম হল– 'Coconut for a Circular Economy : Building Partnership for Maximum Value'.

57\. (c) জরুরিকালীন পরিস্থিতি মোকাবিলার বিষয়ে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধির উদ্দেশ্যে সম্প্রতি ভারতের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে রাশিয়া। অ্যাচিভার্স

58\. (d) ভারতে কুস্তি খেলার মানোন্নয়নে সম্প্রতি ইউনাইটেড ওয়ার্ল্ড রেসলিং সংস্থার সঙ্গে মউ স্বাক্ষর করেছে 'ইন্সপায়ার ইনস্টিটিউট অফ স্পোর্টস' নামক সংস্থাটি।

59\. (d) কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক 'এগ্রিফান্ড ফর স্টার্ট-আপস অ্যান্ড রুর‍্যাল এন্টারপ্রাইজেস'-এ ৭৫০ কোটি টাকা ব্যয়-বরাদ্দ করেছে।

60\. (a) সম্প্রতি নাবার্ড কনসালটেন্সি সার্ভিসেস-এর ম্যানেজিং ডিরেক্টর হিসেবে নিযুক্ত হলেন ওয়াই হরগোপাল। তিনি পূর্বে নাবার্ডের তেলেঙ্গানা আঞ্চলিক অফিসের জেনারেল ম্যানেজার হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

61\. (a) 'এক লক্ষ কোটি এগ্রিকালচার ইনফ্রাস্ট্রাকচার ফান্ড স্কিমে'র আওতায় সাফল্যের নিরিখে প্রথম স্থানে আছে মধ্যপ্রদেশ।

62\. (d) সম্প্রতি শরত কমল অচন্ত ইন্টারন্যাশনাল টেবিল টেনিস ফাউন্ডেশনের দূত হিসেবে নিযুক্ত হয়েছেন।

63\. (c) ২-৪ সেপ্টেম্বর ভারত ও ফ্রান্সের মধ্যে অনুষ্ঠিত যৌথ নৌ-মহড়ার নাম 'VARUNA 24'. অ্যাচিভার্স

64\. (b) সম্প্রতি ফিনটেক কোম্পানি রুপে এবং ইয়েস ব্যাঙ্কের যৌথ সহযোগিতায় ভারতের প্রথম মাল্টি ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করেছে POPtech Growth Pvt. Ltd. নামক সংস্থা।

65\. (b) সম্প্রতি দক্ষিণ আফ্রিকার নৌবাহিনী সাবমেরিন উদ্ধারের বিষয়ে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধি করতে ভারতীয় নৌবাহিনীর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

66\. (a) সম্প্রতি মতিলাল অসোয়াল মিউচুয়াল ফান্ড কোম্পানি ভারতে প্রথম 'Nifty 500 Momentum 50 Index Fund' চালু করেছে। এর সদর দপ্তর মুম্বাইতে অবস্থিত।

67\. (c) সম্প্রতি অনুষ্ঠিত ফ্যাশন ফোরকাস্টিং কর্মসূচীর নাম VisioNxt। অ্যাচিভার্স

68\. (a) সম্প্রতি এসবিআই-এর ম্যানেজিং ডিরেক্টর হিসেবে নিযুক্ত হলেন রামামোহন রাও আমারা। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে এসবিআই-এর ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ছিলেন।

69\. (c) সম্প্রতি সংযুক্ত আরব আমিরশাহি 'পাবলিক সেক্টর অডিটিং' -এর ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধির জন্য ক্যাগ (CAG)-এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

70\. (a) সম্প্রতি সেবির পরিচালন বোর্ডের সদস্য হিসেবে নিযুক্ত হলেন দীপ্তি গৌর মুখার্জি। তিনি এই পদে মনোজ গোভিলের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

71\. (c) সম্প্রতি সেবি রামা শুভ্রমনিয়াম গান্ধীর নেতৃত্বে ২২ সদস্যের অ্যাডভাইজরি কমিটি গঠন করেছে।

72\. (a) সম্প্রতি ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'পার্টনারশিপ ফর কার্বন অ্যাকাউন্টিং ফিন্যান্সিয়ালস' (PCAF)-এ যোগদান করেছে। বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান গ্রিন হাউস নিঃসরণ সংক্রান্ত বিষয়ে পরিমাপ করার নির্দেশ প্রদানের ক্ষেত্রে PCAF কাজ করে থাকে।

73\. (d) সম্প্রতি ২০২৪ সালের ইউএস ওপেন টেনিস প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হয়েছেন জান্নিক সিন্নার। এই খেলায় মহিলাদের বিভাগে চ্যাম্পিয়ন হয়েছেন আরিয়ানা সাবালেঙ্কা। অ্যাচিভার্স

74\. (a) সম্প্রতি আলজেরিয়ার রাষ্ট্রপতি হিসাবে পুনর্নির্বাচিত হলেন আব্দলমদজিদ তেবিউন। তিনি এবারের নির্বাচনে ৯৪.৭ শতাংশ ভোটে জয়লাভ করেছেন।

75\. (b) ৭ সেপ্টেম্বর 'ইন্টারন্যাশনাল ভালচার অ্যাওয়ারনেস ডে' পালিত হল।

76\. (b) তুহিন কান্ত পাণ্ডে কেন্দ্রীয় অর্থমন্ত্রকের সচিব হিসাবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী টি. ভি. সোমানাথনের স্থলাভিষিক্ত হলেন।

77\. (d) সম্প্রতি ভারতীয় নৌবাহিনীর কন্ট্রোলার অফ পার্সোনেল সার্ভিসেস হিসাবে নিযুক্ত হলেন ভাইস অ্যাডমিরাল বিনিত ম্যাককার্থি। অ্যাচিভার্স

78\. (c) সম্প্রতি প্রয়াত কে চেল্লাপ্পান ২০২০ সালে 'সাহিত্য অ্যাকাডেমি ট্রান্সলেশন প্রাইজ'-এ ভূষিত হয়েছিলেন।

79\. (b) ৫-৬ সেপ্টেম্বর নতুন দিল্লির ভারত মন্ডপমে ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্স কর্তৃক দুই দিনের ইন্টারন্যাশনাল সোলার ফেস্টিভ্যাল আয়োজিত হল।

80\. (d) সম্প্রতি আলজেরিয়া ব্রিকস নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সদস্য হিসাবে নিযুক্ত হয়েছে।

81\. (c) সম্প্রতি অলিম্পিক কাউন্সিল অফ এশিয়ার প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন রাজা রণধীর সিং।

82\. (a) ২০২৮ সাল নাগাদ ইসরো কর্তৃক ভারতের প্রথম যে মহাকাশ স্টেশন চালু হতে চলেছে তার নাম হল 'ভারতীয় অন্তরীক্ষ স্টেশন'। ২০৩৫ সাল নাগাদ এই মহকাশ স্টেশনটি সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। অ্যাচিভার্স

83. (a) সম্প্রতি অনলাইন ডেলিভারি সংস্থা সুইগি স্কিল ডেভেলপমেন্ট কর্মসূচীর জন্য মিনিস্ট্রি অফ স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড এন্টারপ্রেনারশিপের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

84. (c) ১১ সেপ্টেম্বর 'ন্যাশনাল ফরেস্ট মার্টায়ার্স ডে' পালিত হল।

85. (a) সম্প্রতি ইন্টারন্যাশনাল হকি ফেডারেশনের প্রেসিডেন্ট হিসাবে পুনর্নিযুক্ত হলেন মহম্মদ তায়েব টিকরম।

86. (a) সম্প্রতি ইংল্যান্ডের মঈন আলি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেওয়ার কথা ঘোষণা করেছেন। তিনি এযাবৎ ক্রিকেট জীবনে ৬৮টি টেস্ট, ১৩৮টি ওয়ান ডে এবং ৯২টি টি-২০ ম্যাচ খেলেছেন।

87. (c) ২০১৯ সালের ১২ সেপ্টেম্বর 'প্রধানমন্ত্রী কিষাণ মানধন যোজনা' চালু হয়েছিল।

88. (a) সম্প্রতি ভারতের রাষ্ট্রায়ত্ত সরকারি ব্যাঙ্ক স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'MTS RuPay National Common Mobility Card' চালু করেছে।

89. (d) রাষ্ট্রসংঘ ৬ জুলাই তারিখে 'ওয়ার্ল্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট ডে' পালন করার কথা ঘোষণা করেছে।

90. (a) সম্প্রতি নেপাল ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্সের ১০১তম সদস্য দেশ হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে।

91. (a) সম্প্রতি 'কমিটি অফ পার্লামেন্ট অন অফিশিয়াল ল্যাঙ্গুয়েজ'-এর চেয়ারপার্সন হিসেবে নিযুক্ত হয়েছেন ভারতের স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ।

92. (c) কেন্দ্রীয় পরিসংখ্যান ও প্রকল্প বাস্তবায়ন মন্ত্রক সম্প্রতি স্ট্যান্ডিং কমিটি অন স্ট্যাটিসটিক্সকে বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে।

93. (d) ভারত সদ্য সমাপ্ত প্যারা অলিম্পিক গেমসে ২৯টি মেডেল (৭টি সোনা, ৯টি রূপো ও ১৩টি ব্রোঞ্জ) জয়লাভ করেছে।

94. (a) সম্প্রতি ভারতের প্রথম সিলিকন কার্বাইড ম্যানুফ্যাকচারিং ইউনিট গড়ে উঠতে চলেছে ওড়িশাতে।

95. (d) সম্প্রতি নতুন দিল্লিতে ২০২৪ সালের 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন গ্রিন হাইড্রোজেন' আয়োজিত হতে চলেছে।

96. (a) হিন্দি ভাষার প্রচার ও প্রসারের উদ্দেশ্যে ১৪ সেপ্টেম্বর 'ন্যাশনাল হিন্দি ডে' পালিত হল। প্রসঙ্গত উল্লেখ্য, সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড হিন্দি ডে' পালিত হয় ১০ জানুয়ারি।

97. (c) ভারত ও ওমান বায়ুসেনা বাহিনীর মধ্যে অনুষ্ঠিত যৌথ বায়ুসেনা মহড়ার নাম হল– Eastern Bridge-24.

98. (a) ১২-১৪ সেপ্টেম্বর রাজস্থানের যোধপুরে 'ইন্ডিয়া ডিফেন্স অ্যাভিয়েশন এক্সপোজিশন' (IDAX-24) আয়োজিত হল।

99. (a) সম্প্রতি ভারতীয় ক্রিকেটার রাহুল দ্রাবিড় 'শ্রীরাম ফাইন্যান্স লিমিটেডে'র বিপণন দূত হিসেবে নিযুক্ত হয়েছেন। তিনি ১৯৯৮ সালে অর্জুন পুরস্কার, ২০০৪ সালে পদ্মশ্রী, ২০১৩ সালে পদ্মভূষণ সম্মানে ভূষিত হয়েছেন।

100. (a) সম্প্রতি জর্ডনের প্রধানমন্ত্রী হিসেবে নিযুক্ত হলেন জাফর হাসান।

★★★